দৈনিক ইত্তেফাক 8
তারিখ ... 05 APR 1998 ...
পৃষ্ঠা ... কলাম 2

# ছাত্র ভর্তি না করায় শিক্ষক প্রহৃত ॥ ছাত্রদের বিক্ষোভ

বগুড়া অফিস ॥ গতকাল শনিবার জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক জাহেদুর রহমান তোতা বগুড়া জেলা স্কুলে একজন ছাত্রকে ভর্তি করাইতে যান। কিন্তু তাহার ভর্তির কোনরূপ যোগ্যতা না থাকায় তাহাকে ভর্তি করানো সম্ভব নয় বলিয়া জানাইলে তিনি জেলা স্কুলের সহকারী শিক্ষক আব্দুর রশিদ আকন্দকে প্রথমে গালি-গালাজ করেন এবং পরে চড় থাপ্পড় মারেন। শিক্ষককে প্রকাশ্যে লাঞ্ছিত করার দৃশ্য দেখিয়া আক্রমণকারী তোতাকে জেলা স্কুলের ছাত্ররা আটক করে। বিক্ষুব্ধ

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ছাত্র ভর্তি *(শেষ পৃঃ পর)*

ছাত্ররা জেলা স্কুল সংলগ্ন সাতমাথা এলাকায় সকাল সাড়ে ১০টা হইতে প্রায় ১১টা পর্যন্ত সড়ক অবরোধ করিয়া রাখে। পুলিশ কর্তৃপক্ষ অবরোধ ভাঙ্গার চেষ্টা করিলে ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয় এবং বেশ কিছু ছাত্রসহ পুলিশের ২ জন সাব-ইন্সপেক্টর এবং ৭ জন কনষ্টেবল আহত হয়। বেলা দেড়টায় পুলিশ বাহিনী জেলা স্কুলে আটক জাহেদুর রহমান তোতাকে উদ্ধার করিয়া থানায় লইয়া যায়। পুলিশের ডিউটি অফিসার জানান, তোতার বিরুদ্ধে মামলা রুজু করা হইয়াছে এবং তাহাকে গ্রেফতার করা হইয়াছে। শিক্ষকের উপরে নগ্ন হামলার খবরে শহরের বিভিন্ন মহল নিন্দা ও ঘৃণা প্রকাশ করে। ছাত্ররা আওয়ামী লীগ নেতার এই ন্যক্কারজনক ঘটনার প্রতিবাদে শহরে বিক্ষোভ মিছিল বাহির করে।